**Questions no. 12. লিঙ্গ ও উন্নয়ন পদ্ধতি বা Gender and Development ( GAD) কি?**

## উওর:

Gender and Development (GAD) বা লিঙ্গ ও উন্নয়ন পদ্ধতি একটি সমাজবিজ্ঞানভিত্তিক উন্নয়ন দৃষ্টিভঙ্গি, যার লক্ষ্য হলো নারী ও পুরুষের মধ্যে বিদ্যমান ক্ষমতার অসমতা ও বৈষম্য দূর করে একটি ন্যায়ভিত্তিক সমাজ গঠন।

এই পদ্ধতি ১৯৮০-এর দশকে গড়ে ওঠে, মূলত Women in Development (WID) পদ্ধতির সীমাবদ্ধতাগুলোর প্রতিক্রিয়ায়।

GAD বলে—কেবল নারীদের উন্নয়ন প্রকল্পে যুক্ত করলেই চলবে না, বরং সমাজের পুরুষতান্ত্রিক ও বৈষম্যপূর্ণ কাঠামোকে বদলাতে হবে।

**GAD-এর উদ্দেশ্য:**

1. লিঙ্গভিত্তিক বৈষম্যের মূল কারণ বিশ্লেষণ। যেমন: সামাজিক রীতি, ধর্মীয় সংস্কার, আইনি বাধা, পারিবারিক নিয়ম ইত্যাদি।

2. নারী ও পুরুষ উভয়ের ক্ষমতায়ন করা। যেমন – সিদ্ধান্ত গ্রহণ, নেতৃত্ব, সম্পদের মালিকানা, শিক্ষায় সমান সুযোগ দেওয়া।

3. নারীর কৌশলগত চাহিদা পূরণ করা। শুধু স্বাস্থ্য বা খাদ্য নয়, বরং নিজস্ব পরিচয়, অধিকার ও নিরাপত্তা সুনিশ্চিত করা।

4. পুরুষতান্ত্রিক ব্যবস্থার বদল করা। সামাজিক নিয়ম-কানুন, সাংস্কৃতিক ধ্যানধারণা ও রাজনৈতিক কাঠামো পরিবর্তন করা।

5. অংশগ্রহণমূলক উন্নয়ন নিশ্চিত করা। নারী ও পুরুষ উভয়েই উন্নয়নের পরিকল্পনা ও বাস্তবায়নে অংশ নেবে।

---